# ESDO Child Rights Protection Policy

Revised on 1st July 2025

## Eco-Social Development Organization (ESDO)

**Head Office**
Collegepara (Gobindanagar)
Thakurgaon-5100
Bangladesh

# ইএসডিও শিশু সুরক্ষা নীতিমালা

## ভুমিকা:

১৯৮৮ সালে সূচনালগ্ন থেকে ইকো-স্যোশাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও) তার কর্মএলাকায় মানুষের জীবন জীবিকা, দক্ষতা উন্নয়ন, সাস্থ্য, শিক্ষা, পানি ও স্যানিটেশন, পুষ্টি, মা ও শিশুর স্বাস্থ্য সেবা, বাড়ির উঠানে সবজি চাষ, উন্নত মনিটরিং, টিকা, আর্সেনিকের মাত্রা হ্রাস, এবং প্রান্তিক জনগোষ্ঠির ক্রমবর্ধমান উন্নয়ন চাহিদা মত বিষয় গুলো নিয়ে সামগ্রিক উন্নয়নে অনবরত কাজ করছে। একই সাথে ইএসডিও পরিচালনায় ক্ষুদ্রঋণ, সামাজিক উন্নয়ন, খাদ্য নিরাপত্তা, দূর্যোগ ব্যবস্থাপনা, শিশুশ্রম হ্রাস, কৃষি উন্নয়ন, গবাদি পশু, মৎস চাষ, পানি সম্পদ উন্নয়ন, মানবাধিকার, বয়স্ক শিক্ষা, শিশু শিক্ষা, ও দক্ষতা উন্নয়নের জন্য ইএসডিও কাজ করছে।

**ভিশন:** পারস্পরিক ভেদাভেদমুক্ত একটি সমতাভিত্তিক সমাজ প্রতিষ্ঠা করা।

**মিশন:** ব্যাপক আয় বৃদ্ধিমূলক কার্যক্রম, খাদ্য নিরাপত্তা, প্রাথমিক শিক্ষা ও স্বাক্ষরতা, স্বাস্থ্য ও পুষ্টি, মানবাধিকার ও সুশাসন, পরিবেশ উন্নয়ন ইত্যাদি কর্মসূচীর মাধ্যমে দরিদ্র জনগণের আয় বৃদ্ধি করে অর্থনৈতিক দরিদ্র হ্রাস এবং মানবীয় সুকুমার বৃত্তিসমূহের চর্চা ও উৎকর্ষসাধন। সংস্থা তার এই লক্ষ্যে দৃঢ় এবং সে জন্য কার্যকরভাবে মানবাধিকার পরিস্থিতি উত্তরণ, মানবীয় মর্যাদা ও নারী পুরুষের সমতা নিশ্চিতকরণে লক্ষিত জনগোষ্ঠির সামাজিক, অর্থনৈতিক ও মানবীয় গুণাবলীর ক্ষমতায়নে কাজ করছে। সার্বিক ভাবে নারী এবং বিশেষ করে শিশুরা ইএসডিও'র কার্যক্রমের মূল কেন্দ্রবিন্দু। সকল ধরণের সেবায় অতিদরিদ্র মানুষের সুযোগ ও অভিগম্যতা নিশ্চিত করাই মূল লক্ষ্য।

## আইনগত বৈধতা :

- ইএসডিও সমাজ সেবা অধিদপ্তর (ডিএসএস ৪৪০/৮৮; ১৪.১১.১৯৮৮)
- এনজিও বিষয়ক ব্যুরো (৬৯৪/৯৩; ১৫.০৩.১৯৯৩),
- মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ-০০০২০৪; ২৫.০৩.২০০৮)

**শিশু সুরক্ষা নীতিমালার লক্ষ্য ঃ** শিশুকে সকল ধরনের নির্যাতন হতে সুরক্ষা দেয়া।

## শিশু সুরক্ষা নীতিমালার উদ্দেশ্যে ঃ

সমাজের দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠির পাশে দাড়ানোর মত একটি মহৎ স্বপ্ন নিয়ে ইকো-স্যোশাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও) ১৯৮৮ সালে যাত্রা শুরু করে। একটি সাধারন মানুষ কেন্দ্রিক সংস্থা হওয়ায় ইএসডিও এমন একটি সমাজের স্বপ্ন দেখে যেখানে থাকবে না কোন অসমতা, অন্যায্যতা, এমন একটি সমাজ যেখানে একটি শিশুও খাদ্যের জন্য কাঁদবে না এবং দরিদ্রতার জন্য কারও জীবন ধ্বংস হবে না।

এই ম্যানুয়ালটিতে ইএসডিও'র শিশু অধিকার সংরক্ষনে আদর্শ কার্যপ্রণালী ও নীতিমালা উপস্থাপিত হয়েছে। এটি ইএসডিও'র সকল স্টাফ সদস্যদের জন্য নির্দেশিত রুল। কোন কিছুর ক্ষতিকর প্রভাব থেকে সুরক্ষার অধিকার কিংবা শোষন বা অন্য কোন ক্ষতির হাত থেকে শিশুদের বাঁচার অধিকার রক্ষায় ইএসডিও বদ্ধপরিকর। তাই শিশুদের সুরক্ষার অধিকার রক্ষায় ইএসডিও বিভিন্ন পদক্ষেপ গ্রহন করেছে এবং নিরালসভাবে কাজে করে যাচ্ছে।

Dr. Md. Shahid Uz Zaman
Executive Director
ESDO, Thakurgaon.

MD. SHAFIQUL ISLAM
Chairman
Executive Committee
ESDO

ইএসডিও'র এই শিশু সুরক্ষা নীতিমালা হচ্ছে একটি অঙ্গীকার যার মাধ্যমে বিভিন্নধরনের ক্ষতির হাত থেকে শিশুদের রক্ষা করার প্রত্যয় ব্যক্ত করা হয়। সেই সাথে শিশুদের বিশেষ দিকগুলোতে আমাদের নজর দেয়া । এই নীতিমালায় এটা স্পষ্ট করে ঘোষনা করা হচ্ছে যে শিশুর প্রতি কোন ধরনের হিংস্রতা অথবা নির্যাতন ইএসডিওতে সম্পূর্ন নিষিদ্ধ ও অগ্রহণযোগ্য।

## শিশু সুরক্ষা নীতিমালার উদ্দেশ্যসমূহ:

- শিশুর বিরুদ্ধে হিংস্রতা অথবা নির্যাতন এবং কাজের বিভিন্ন ক্ষেত্রে শিশুদের সুরক্ষা বিধানে একটি ব্যবস্থাপনা কৌশল উন্নয়ন এবং কার্যকরভাবে বাস্তবায়ন করা।
- ইএসডিও স্টাফ ও পার্টনারদের যে কোন ধরনের অন্যায় ও অন্যায্য থেকে রক্ষা করা।
- কোন একটি সন্দেহজনক শিশু নির্যাতনে ক্ষেত্রে কি করা উচিত আর কি করা উচিত নয় তা ইএসডিও স্টাফকে পূর্নাঙ্গ ভাবে অবহিত করা ।

## শিশুসুরক্ষা নীতিমালার পরিধি:

ইএসডিও'র সব ধরনের পার্ট-টাইম, ফুলটাইম এবং নৈমিত্তিক কর্মকর্তা-কমচারী, ফ্রিল্যান্স ও অন্যান্য এক্সপার্ট, ইন্টার্ন, সেচ্ছাসেবক, সহযোগী বিভিন্ন ধরনের ফার্ম ও সাব-কন্ট্রাক্টর যারা ইএসডিও'র বিভিন্ন উন্নয়ন সহায়তা প্রকল্পে কাজ করছে সবাই এই নীতিমালার অন্তর্ভূক্ত।

## শিশুর সংজ্ঞা:

জাতীসংঘ শিশু অধিকার সনদ (UNCRC) অনুযায়ী শিশু বলতে বোঝায় "Every human being below the age of 18 years unless under the law applicable to the child, majority attained earlier" This is in accordance with Article 1 of UNCRC .

**ব্যাখ্যা:** সাধারনত শিশু বলতে ১৮ বছরের নিচের প্রত্যেক মানব সন্তানকে শিশু বলে যদি না কোন একটি নির্দিষ্ট আইনের দ্বারা বয়স কে আলাদা ভাবে সংজ্ঞায়িত করা না হয় যা জাতিসংঘ শিশু অধিকার সনদ আর্টিকেল ১ এর আওতাভুক্ত ও উল্লিখিত।

## শিশু নির্যাতন:

শিশু নির্যাতনকে এমনভাবে সংজ্ঞায়িত করা হচ্ছে যে, পিতা-মাতা, অন্য কোন আইনগত অভিভাবক, কিংবা এমন কোন ব্যক্তি যিনি বা যারা কোন শিশুর দেখা শোনার দায়িত্বে আছেন এমন কোন ব্যক্তির অধীনে যে কোন ধরনের শারিরীক কিংবা মানসিক নির্যাতন, আঘাত, অবহেলা বা অবহেলা প্রদর্শন হয় এমন কোন আচরন, যৌন হয়রানি/যৌন নির্যাতন, অন্যায্য আচরণ বা শোষণ যেন বাণিজ্যিক কোন উদ্দেশ্য ব্যবহার বা যৌন নির্যাতন শিকার- এই সবকিছু শিশু নির্যাতন।

## শিশু সুরক্ষা:

এই শিশু সুরক্ষা নীতিমালার আলোকে ইএসডিও বিভিন্ন দায়িত্ব ও কর্তব্য, কার্যক্রমকে সংজ্ঞায়িত করেছে যার মাধ্যমে শিশুদের নিরাপত্তা নিশ্চিত করা হবে।

**নীতি ও মূল্যবোধ:** ইএসডিও শিশু সুরক্ষায় নিম্নোক্ত নীতি ও মূল্যবোধকে ধারণ ও প্রয়োগ করে।

Dr. Md. Shahid Uz Zaman
Executive Director
ESDO, Thakurgaon.

MD. SHAFIQUL ISLAM
Chairman
Executive Committee
ESDO

## শিশু নির্যাতনের বিরুদ্ধে শুন্য সহন মাত্রা বা জিরো টলারেন্স:

ইএসডিও কোন ধরনের শিশু নির্যাতন সহ্য করে না, সেই সাথে এমন কোন জিনিস যা দ্বারা শিশুদের ক্ষতি সাধন হতে পারে তার প্রাপ্যতা, মালিকানা ও ব্যবহার এর কোনটিও ইএসডিও সহ্য করে না। ইএসডিও স্টাফদের শিশু নিরাপত্তা ঝুঁকি ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশনা ও প্রশিক্ষন প্রদান করা হয়। শিশুদের নিরাপত্তার ঝুঁকি হতে পারে এমন কোন ব্যক্তিকে ইএসডিও কাজের অন্তর্ভূক্ত করা হয় না।

## শিশুদের বিশেষ চাহিদার স্বীকৃতি:

ইএসডিও স্বীকৃতি দেয় যে কিছু শিশু অন্যদের তুলনায় বেশি নির্যাতিত হওয়ার ঝুঁকিতে আছে। যেমন প্রতিবন্ধি শিশু, যুদ্ধ ও সংঘাত পরিস্থিতি, সেই সাথে প্রাকৃতিক দূর্যোগ ও দূর্যোগ পরবর্তী পরিস্থিতিতে শিশুদের বিশেষ প্রয়োজনীতা ও তাদের বিশেষ সুরক্ষার স্বীকৃতি ইএসডিও বিশেষ সুরক্ষার স্বীকৃতি দেয়।

**ইএসডিও'র অঙ্গীকার: শিশু সুরক্ষায় ইএসডিও এই নীতিমালা কর্তৃক নিম্নোক্ত ভাবে পরিচালিত হওয়ার অঙ্গীকার করে যথাঃ**

### সচেতনতা :

আমরা এটা নিশ্চিত করবো যে ইএসডিও'র সকল স্টাফ, পার্টনার, স্টেকহোল্ডার -যারা বিভিন্ন প্রকল্পে সম্পৃক্ত আছেন তারা যাতে শিশুনির্যাতন ও শিশু নিরাপত্তা ঝুঁকি সম্পর্কে সচেতন থাকবেন।

### প্রতিরোধক ব্যবস্থা :

ভাল অনুশীলন ও সচেতনতার মাধ্যমে ইএসডিও স্টাফ ও পার্টনার শিশু নিরাপত্তা ঝুঁকি নিরসনে কাজ করবে।

### প্রতিবেদন বা রিপোর্টিং :

যদি কোন শিশু নিরাপত্তা নিয়ে কোন ধরনের হুমকি দেখা দেয় তাহলে ইএসডিও স্টাফ ও পার্টনার কেমন পদক্ষেপ নিবেন তা রিপোর্টে যেন প্রস্তুত ও স্পষ্ট থাকে।

রির্পোটিং বা প্রতিবেদন পদ্ধতিঃ

- কি রির্পোট করতে হবে :
  শিশুর জন্য নির্যাতন হুমকি বা সুরক্ষা বা শারিরীক, মানসিক ক্ষতি বা তার সম্মানের ক্ষতি হয়েছে এরকম সব ধরনের শোষণ হলে

- কে রির্পোট করতে পারবে :
  শিশু, প্রাপ্ত বয়স্ক, অভিভাবক, ইএসডিও ষ্টাফ, সেচ্ছা সেবী, পরিদর্শক ও সহযোগী

- কাকে রির্পোট করবে :
  উপজেলা ফোকাল, জেলা ফোকাল, শিশু সুরক্ষা নীতিমালা ফোকাল, মানব সম্পদ কর্মকর্তা

- গোপনীয়তা :
  এ লক্ষ্যে প্রতিটি জেলা ও উপজেলা পর্যায়ে একটি অভিযোগ ও পরামর্শ বক্স এ গোপনীয় ভাবে অভিযোগ দেয়া যাবে যা প্রতি সপ্তাহের বৃহস্পতিবার খোলা হবে।

Dr. Md. Shahid Uz Zaman
Executive Director
ESDO, Thakurgaon.

MD. SHAFIQUL ISLAM
Chairman
Executive Committee
ESDO

- **রিপোর্টের ধরন:**

প্রাথমিক ভাবে ফোন বা অন্যকোন মাধ্যমে কর্তৃপক্ষকে অবগত করা যাবে তবে অভিযোগের নিশ্চয়তা দেখা দিলে শিশু সুরক্ষা নীতিমালা প্রদত্ত ফরম পুরন করে তা দাখিল করতে হবে।

- প্রাথমিক তথ্য প্রদান ফরম
- (শিশু নির্যাতন বিষয়ক ঘটনা জানানোর র্ফম)

র্নিযাতিত শিশুর নাম ঃ

র্নিযাতন কারী ব্যাক্তির নামঃ

ঘটনার বর্ননাঃ

| |
|---|
| ক) কখন, কোথায় ঃ<br><br>খ) কি ধরনের ঃ |

অভিযোগ কারীর নামঃ

ঠিকানাঃ

অভিযোগের তারিখঃ

## অভিযোগে সারা প্রদান

- ✓ কর্ম এলাকায় ঘটনা ঘটার ২৪ ঘন্টার মধ্যে উপজেলা ও জেলা পর্যায়ে দ্বায়ীত্ব প্রাপ্ত কর্মকর্তাকে অবগত করা
- ✓ জেলা পর্যায়ে সম্ভাব্য যাচাইয়ের ও সত্য বলে প্রতিয়মান হলে ৪৮ ঘন্টার মধ্যে তা শিশু সুরক্ষা নীতিমালা ফোকাল পার্সন কে অবগত করা এবং দ্রুত গোপনীয়তার মাধ্যমে যাচাই করা
- ✓ ইএসডিও নীতিমালার উর্দ্ধে অপরাধ হলে মানব সম্পদ বিভাগ অথবা সরাসরি নির্বাহী পরিচালক এর পরামর্শে প্রচলিত আইনি ব্যবস্থা নিশ্চিত করা।



Dr. Md. Shahid Uz Zaman
Executive Director
ESDO, Thakurgaon.

MD. SHAFIQUL ISLAM
Chairman
Executive Committee
ESDO

এ লক্ষ্যে, ইএসডিও নিম্ন উল্লিখিত পদক্ষেপ সমুহ গ্রহণ করবে:

এমন কোন ব্যক্তি ও ব্যক্তিবর্গকে শিশুদের নিয়ে এবং শিশুদের সাথে কোন কাজ করতে দেয়া হবে না যদি এটা প্রতীয়মান হয় যে ঐ ব্যক্তি বা ব্যক্তিবর্গ শিশুদের নিরাপত্তা ও সমৃদ্ধির জন্য হুমকি স্বরুপ।

এছাড়াও,

- শিশু নির্যাতনের বিষয়গুলোকে গুরুত্বসহকারে ও অগ্রাধিকারের ভিত্তিতে গ্রহণ করা;
- নির্যাতনের শিকার এমন শিশুদের ক্ষেত্রে ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করা;
- নির্যাতনের শিকার কিংবা নির্যাতনের অভিযোগ তুলছে এইরূপ শিশু, ইএসডিও স্টাফ, বা অন্য কোন প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের সহায়তা প্রদান করা;
- নির্যাতনের ঘটনা বা নির্যাতনের হুমকির ঘটনা সঠিক এবং কার্যকরভাবে তদন্তে সবধরনের ব্যবস্থা করা;
- শিশু নিরাপত্তা প্রক্রিয়াটি **Best interest of child** এই নীতির ভিত্তিতে পরিচালনা করা;
- শিশুদের মতামত, ইচ্ছে, ও দৃষ্টিভঙ্গিকে গুরুত্বের সাথে শোনা ও গ্রহণ করা;
- পিতা-মাতা, অন্যান্য অভিভাবক, ও অন্যান্য পেশাজীবীদের সাথে যৌথভাবে শিশু নিরাপত্তার জন্য কাজ করা।

## শিশু নিরাপত্তা নীতির আলোকে অর্পিত দায়িত্বসমূহ:

ইএসডিও স্টাফ, সহযোগী এবং ভিজিটরদের জন্য অবশ্য পালনীয়:

- কখনো কোন শিশুকে নির্যাতন/শোষণ না করা বা এমন কোন আচরণ কার্যক্রম গ্রহণ না করা যার দ্বারা কোন শিশুর নিরাপত্তা হুমকিতে পড়তে পারে বা ক্ষতি হতে পারে।
- কোন ধরনের শিশু নির্যাতনের ঘটনার রিপোর্ট স্থানীয় অফিসের প্রক্রিয়া মেনেই করতে হবে। ইএসডিও'র প্রতিটি স্টাফের জন্য এটি একটি বাধ্যতামূলক দিকনির্দেশনা। এই নির্দেশনা মেনে চলতে অসমর্থ হলে প্রতিষ্ঠানের শাসন-শৃঙ্খলা ও আচরণ বিধি এর আওতায় অভিযুক্ত স্টাফের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।
- নির্যাতন কিংবা শোষণের শিকার হওয়া শিশুকে প্রযোজ্য স্থানীয় অফিসের প্রক্রিয়া অনুসারে সাহায্য করতে হবে।
- শিশু নির্যাতনের ঝুঁকি কিংবা নির্যাতনের ঘটনা গোপনীয়তা রক্ষা করে তদন্তে সহযোগীতা করা।
- এমন একটি পরিবেশ তৈরী ও রক্ষায় অবদান রাখা যেখানে শিশুরা নিরাপদ, সম্মানিত , যেখানে তারা মন খুলে তাদের মতামত, সমস্যা ও অধিকার সম্পর্কে বলতে পারবে ও বিকাশ ঘটাতে পারবে।

## সংরক্ষিত অধিকার:

ইএসডিও ম্যানেজমেন্ট নির্বাহী কমিটির পরামর্শ ও অনুমোদন সাপেক্ষে এই নীতিমালাতে যেকোন ইস্যু যোগ, সংশোধন, বাতিল করার ক্ষমতা সংরক্ষন করে।

Dr. Md. Shahid Uz Zaman
Executive Director
ESDO, Thakurgaon.

MD. SHAFIQUL ISLAM
Chairman
Executive Committee
ESDO

## কার্যকারিতা ঃ

ইএসডিও শিশু সুরক্ষা নীতিমালা ২৫ শে ফেব্রুয়ারী ২০০৭ এ নির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে কার্যকর হয়।

## কর্মক্ষেত্রে/ প্রকল্প প্রয়োজনে শিশুর ছবি ব্যবহার ঃ

যখন কোন কাজের ক্ষেত্রে অথবা প্রকল্পের প্রয়োজনে শিশুর ছবি অথবা চলচিত্রায়ন করতে হলে ইএসডিও ষ্টাফ রা নিম্নোক্ত নিয়ম গুলো মানবে যথাঃ

- শিশুর ছবি অথবা চলচিত্রায়ন করার পুর্বে সেই সব এলাকার স্থানীয় মুল্যবোধ ও ধ্যানধারনা মাথায় রেখে তা সংগ্রহ করতে হবে।
- শিশুর ছবি অথবা চলচিত্রায়ন করার পুর্বে তার বাবা মা অথবা প্রকৃত অভিভাবকের অনুমতি ক্রমে করতে হবে।
- শিশুর ছবি অথবা চলচিত্রায়ন করার ক্ষেত্রে আচরন গত সতর্কতা ও মর্যাদার এবং শ্রদ্ধার সাথে তা সংগ্রহ করতে হবে তা কোন ভাবেই র্দুব্যবহার বা হিংস্রতা মুলক আচরন দিয়ে করা যাবেনা এমন কি তারা যদি কোন ছেড়া বা অপর্যাপ্ত পোশাকে পোস দিয়ে থাকে তা সতর্কতার সাথে দেখতে হবে যেন তাতে কোন ভাবেই যৌনতা প্রকাশ না করে।
- শিশুর ছবি অথবা চলচিত্রায়ন কে অবশ্যই সুনির্দিষ্ট প্রসঙ্গ ও মহৎ উদ্দেশ্যে ব্যবহার নিশ্চত করতে হবে।
- উপরোক্ত নিয়ম মেনে সংগ্রহকৃত শিশুর ছবি অথবা চলচিত্রায়ন কে সংস্থার মিডিয়া পার্সন তথা ডকুমেন্টেশনসেল এর আওতায় জমা করে তা কর্তৃপক্ষ অনুমোদন সাপেক্ষে ব্যবহার করতে পারবে ।

## ব্যবস্থাপনাঃ

ইএসডিও শিশু সুরক্ষা নীতিমালা বাস্তবায়নের জন্য একটি ব্যবস্থাপনা কমিটি গঠন করা হবে। ৫ সদস্য বিশিষ্ট এই কমিটিতে ইএসডিও নির্বাহী পরিচালক/ পরিচালক প্রশাসন, উদ্ধর্তন কর্মকর্তা, সদস্য সংগঠন থেকে প্রতিনিধিত্ব করবেন। কমিটি গঠনে জেন্ডার ব্যালেন্স অনুসরন করা হবে। শিশু সুরক্ষা নীতিমালার সামগ্রীক বাস্তবায়নের জন্য এই কমিটি কাজ করবে। এই কমিটি ফোকাল পার্সন নির্ধারন করবেন এবং তার পরামর্শেও ভিত্তিতে তদন্ত কমিটি মনিটরিং গঠন এবং অভিযোগের শুনানী ও সিধান্ত গ্রহন করবেন। এই কমিটির কার্যাবলী নিম্নে তুলে ধরা হলো-

ক. এই কমিটি ইএসডিও শিশু সুরক্ষা নীতিমালা সামগ্রীক বাস্তবায়নের দায়িত্ব পালন করবে। শিশু সুরক্ষা নীতিমালা সংক্রান্ত সকল সকল কার্যক্রম এই কমিটির মাধ্যমে অনুমোদিত হতে হবে। এই কমিটি তাদের কার্যক্রমের জন্য নির্বাহী বোর্ডের কাছে জবাবদিহি করবে।

খ. শিশু সুরক্ষা নীতিমালার লঙ্ঘনজনিত সকল তদন্ত ও মনিটরিং প্রতিবেদন এই কমিটি পর্যালোচনা করবেন এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবেন।

গ. ব্যপস্থাপনা কমিটি মনিটরিং রিপোর্ট এর ভিত্তিতে নীতিমালা বাস্তবায়নের অগ্রগতি বা এর প্রভাব যাচাইয়ের উদ্দেশ্য পর্যালোচনা সভায় মিলিত হবেন। জরুরী কোন প্রয়োজনে তাৎখনিক সভা আহ্বান করা যাবে।

ঘ. প্রতিবেদন,মনিটরিং, সচেতনতা বৃদ্দিমুলক কার্যক্রম, নিয়োগ প্রক্রিয়াসহ সকল কার্যক্রমে ব্যবহৃত ফরম,ফরমেট, উপকরন ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে অনুমোদিত হবে।



Dr. Md. Shahid Uz Zaman
Executive Director
ESDO, Thakurgaon.

MD. SHAFIQUL ISLAM
Chairman
Executive Committee
ESDO

ঙ. ব্যবস্থাপনা কমিটি শিশু সুরক্ষা নীতিমালা সংক্রান্ত সকল কার্যক্রম এবং বাজেট অনুমোদন করবেন।

চ. পরিকল্পনা,র্কমকৌশল, নিয়োগ, ক্রয় সংক্রান্ত , অবকাঠামোর উন্নয়ন ইত্যাদী সকল ক্ষেত্রে নীতিমালা যথাযথভাবে অনুসৃত হয়েছে কিনা তা এই কমিটি নিশ্চিত করবে।

ছ. নীতিমালার পূর্নাঙ্গ বাস্তবায়নের স্বার্থে এই কমিটি সিধান্ত গ্রহন করতে পারবে।

## মনিটরিং ঃ

ইএসডিও শিশু সুরক্ষা নীতিমালার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করার জন্য নিয়মিত মনিটরিং করা হবে। এ উদ্দেশ্যে ইএসডিও'র সকল উর্দ্ধতন কর্মকর্তা তথা সংস্থার কর্তৃক প্রদত্ত ৩ তিন সদস্য বিশিষ্ঠ্য একটি কমিটি গঠন করা হবে। শিশু সুরক্ষা নীতিমালার ফোকাল পার্সন এই মনিটরিং টিমের সমন্বয় করবেন। শিশু সুরক্ষা নীতিমালা ব্যবস্থাপনা কমিটি মনিটরিং কমিটির তত্বাবধান করবেন। দুইটি পর্যায়ে মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হবে- বিষয়ভিত্তিক মনিটরিং এবং নিয়মিত মনিটরিং। বিষয় ভিত্তিক মনিটরিং হলো কোন নতুন পরিকল্পনা, কার্যক্রম অথবা নীতিমালা গ্রহন করা হলে তা শিশু সুরক্ষা নীতিমালার সাথে সাংঘর্ষিক কিনা তা পর্যবেক্ষন করা। নিয়মিত মনিটরিং হলো ইএসডিও'র শিশু সুরক্ষা নীতিমালা সঠিক ভাবে বাস্তবায়ন হচ্ছে কি না বা সংস্থার কোন আচরন ও সংস্কৃতির ক্ষেত্রে কি ধরনের গুনগত পরির্বতন সাধন করছে কি না তা যাচাই করা। বিষয় ভিত্তিক মনিটরিং বছরে একবার আর নিয়মিত মনিটরিং ছয়মাস অন্তর অন্তর মনিটরিং করা হবে।

## হালনাগাদের প্রক্রিয়া:

শিশু সুরক্ষা নীতিমালা কোন স্থির বা কোন অপরিবর্তনীয় নীতিমালা নয়। সময়ের পরিবর্তিত পরিস্থিতি ও চাহিদা এবং একটি সময়োপযোগী নীতিমালা হিসেবে এটিকে রিভিউ ও হালনাগাত করা হবে। যখন সংস্থার এবং শিশুর সুরক্ষা ও প্রেক্ষাপট বিবেচনায় এই নীতিমালায় পরিবর্তন আনার প্রয়োজন হবে, কিংবা যখন সরকারী নীতি ও আন্তর্জাতিক মানের সাথে মিলিয়ে সংশোধনের প্রয়োজন হবে তখন তা উক্ত সংস্থার ম্যানেজমেন্ট কতৃক প্রস্তাব আকারে নির্বাহী কমিটির নিকট পেশ হলে নির্বাহী কমিটি এই সংশোধনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করবেন।

## নেটওয়ার্ক ও সমন্বয় ঃ

ইএসডিও শিশু সুরক্ষা নীতিমালার আওতায় জরুরী প্রয়োজনে শিশুর সুরক্ষা নিশ্চিত করতে যে কোন সংগঠনের সাথে জোট বদ্ধ ও সমন্বয় করে কাজ করতে পারবে তবে তা যদি এই নীতিমালার বিরোধী না হয় একই সাথে জোট বা সমন্বয়ে অসন্তোস বা অপ্রয়োজন মনে করলে ইএসডিও শিশু সুরক্ষা নীতিমালা সংরক্ষিত ক্ষমতা বলে তা বাতিল বা জোট বিভক্ত হতে পারবে।

## আচরণ বিধি ঃ

ইএসডিও এর কার্যক্রম ,কর্মকৌশল এবং পরিচালনায় শিশুদের সার্বিক সুরক্ষার নিরিখে প্রণীত শিশু সুরক্ষা নীতিমালায় নিম্ন লিখিত আচরন বিধি যুক্ত করা হয়েছে।ইএসডিও এর সাথে সংশ্লিষ্ট সকল কর্মী প্রতিষ্ঠানের জন্য উক্ত আচরন বিধি মেনে চলা বাধ্যতামূলক ঘোষনা করা হয়েছে।

## ইএসডিও স্টাফদের জন্য করনীয়:

- **ইএসডিও এর সকল কর্মী শিশু অধিকার সর্ম্পকে সচেতন থাকবে।**
- **শিশুকে গ্রহনযোগ্য ও অগ্রহনযোগ্য আচরন বুঝতে সক্ষম করে তুলবে।**



Md. Shahid Uz Zaman
Executive Director
ESDO, Thakurgaon

MD. SHAFIQUL ISLAM
Chairman
Executive Committee
ESDO

- শিশুকে অন্যের অগ্রহনযোগ্য আচরনে মার্জিত প্রতিবাদ করতে সক্ষম করে তুলবে।
- শিশুরা যাতে নির্ভয়ে তাদের মতামত প্রকাশ করতে পারে,তার পরিবেশ সৃষ্টি করবে।
- শিশুদের জন্য স্বাস্থ্যসম্মত ও ঝুকিঁমুক্ত উপকরন সরবরাহ নিশ্চিত করবে।
- শিশুর ব্যক্তিগত গোপনীয়তার প্রতি সম্মান প্রর্দশন করবে।
- শিশু ভয় বা লোকলজ্জার কারনে নির্যাতনের বিষয়টি গোপন রাখার চেষ্টা করলে উপযুক্ত পরিবেশ সৃষ্টি করে শিশুকে সহায়তা করবে।
- ইএসডিও কার্যালয়কে শিশু বান্ধব করে তুলবে এবং কমঝুকিঁপূর্ন স্থানে শিশু বিষযক সকল কার্যক্রম সম্পন্ন করবে।
- নৈতিক সমালোচনার পরির্বতে শিশুদের গঠনমূলক ও উৎসাহমূলক কথা বলবে।
- শিশুদের সার্বিক কল্যাণ ও সুরক্ষা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।
- অনাকাক্ষিত আচরনকারী শিশুর প্রতি বিশেষ নজর দিবে এবং তাকে সংশোধিত হবার জন্য উৎসাহ প্রদান করবে।
- সর্বদা শিশুর সাথে বন্ধুত্বমূলক আচরন করবে এবং শিশু অধিকার সর্ম্পকে তাদের সচেতন করে তুলবে।

## বর্জনীয়ঃ

- শিশুকে শারীরিক ও মানষিকভাবে নির্যাতন করা
- শিশুর সহিত যৌন আচরণ ও যৌন সম্পর্ক স্থাপন
- শিশুর আর্থ সামাজিক, ধর্মীয়, গৌত্রীয় ভেদে বৈষম্য মূলক আচরণ করা
- অনাকাঙ্খিত আচরনের জন্য শিশুকে তিরস্কার করা বা শাস্তি দেওয়া
- শিশুর প্রতি শোষণমূলক কার্যক্র্রম যথা শিশুশ্রম করানো
- শিশুদের উপস্থিতিতে বাজে কথা বলা
- শিশুদের গায়ে চেপে ধরা, চুমু খাওয়া, বুকে জরিয়ে ধরা যা সমাজের প্রথার সাথে সামঞ্জস্যপুর্ণ নয় এমন আচরন করা
- অন্যদের কাছ থেকে শিশুদের দূরে নিয়ে গিয়ে একাকী সময় কাটানো
- শিশুদের লজ্জা দেওয়া, অপমান করা বা এমন ভাষা ব্যবহার করা যা তাদেরকে কেষ্ট দেয়
- শিশুদের বিকৃত নামে ডাকা বা সম্বোধন করা
- শিশুর উপস্থিতি তে অশ্লীল ছবি বা ভিডিও দেখা অথবা আপত্তিকর ছবি বা ভিডিও প্রকাশ করা এমন কি নিজ সংরক্ষনে রাখা
- শিশুর উপস্থিতিতে ধুমপান বা নেশা জাতীয় দ্রব্য গ্রহণ করা
- শিশুর ইচ্ছার বিরুদ্ধে কোন কাজ শিশুকে দিয়ে করানো
- শিশুর বিভিন্ন স্পর্শকাতর অঙ্গে স্পর্শ করা
- শিশু নির্যাতনের কোন ঘটনা ঘটলে তা প্রতিবাদ না করে এড়িয়ে যাওয়া।

Dr. Md. Shahid Uz Zaman
Executive Director
ESDO, Thakurgaon.

MD. SHAFIQUL ISLAM
Chairman
Executive Committee
ESDO

## পরিদর্শকের জন্য করনীয়:

- শিশু অধিকার বিষয়গুলো বিবেচনায় রেখে তাদের প্রতি সব সময় মর্যাদা ও সম্মানের সাথে আচরন করবেন।
- সদা সর্তক থাকবেন,শিশুদের প্রতি সংবেদনশীল থাকবেন এবং তাদের নির্যাতনমূলক যে কোন বিষয়ে সতর্ক থাকবেন।
- সাংস্কৃতিক সংবেদনশীলতার বিষয়টি মনে রেখে কাজ করবেন।পরিদর্শক ব্যক্তি/দল কোন সমাজ বা জনগোষ্ঠীতে বিদ্যমান বিশেষ কোন সাংস্কৃতিক সংবেদনশীলতার বিষয়ে জানতে চাইলে সেই বিষয়ে ইএসডিও এর কর্মী কিংবা দোভাষীকে প্রশ্ন করতে ইতঃস্ততবোধ করবেন না।
- সব সময় শিশুর সর্বোত্তম স্বার্থরক্ষার বিষয়টি বিবেচনায় রাখবেন।
- নির্দিষ্ট জনগোষ্ঠীর সামাজিক ও সাংস্কৃতিক রীতিনীতি ও মূল্যেবোধকে বিবেচনায় রাখবেন।

## অবশ্য বর্জনীয়:

- শিশুর জন্য নির্যাতনমূলক হতে পারে বা শিশুকে নির্যাতনের ঝুঁকির মধ্যে ফেলতে পারে,এমন কোন কাজ করবেন না।
- এমন কোন পরামর্শ বা উপদেশ দিবেন না যা অপ্রাসঙ্গিক,আক্রমনাত্বক বা নির্যাতনমূলক।
- শোষন বা নির্যাতনমূলক কাজে লাগানোর জন্য শিশুদের সাথে সর্ম্পক তৈরি করবেন না।
- শিশুদের সামনে অশোভন বা যৌন আবেদনমূলক কোন আচরন করবেন না।
- ইএসডিও এর কোন কর্মীকে সাথে নিয়ে পরিদর্শন করার সাংগঠনিক প্রক্রিয়া অনুসরন না করে সরাসরি স্থানীয় জনগোষ্ঠীর কাছে চলে যাওয়া।

### শিশু নির্যাতন বিষয়ক প্রাথমিক তথ্য প্রদান ফরম

র্নিযাতিত শিশুর নাম ঃ শ্রী দিয়া মনি, বয়ষ -৭ বছর, কেজি শ্রেনী

র্নিযাতন কারী ব্যাক্তির নাম ঃ গোপাল মালাকার (মালি)

**ঘটনার বর্ননা ঃ** গত ২৮সেপ্টেম্বর ২০১৮ আনুমানিক সকাল ১১: ৩০মিনিটে ভিকটিম ও তার মা স্কুল শেষে নির্মানাধীন পুজা মন্ডপে পুজা বানানো দেখতে যায়, সেখানে তার মা তার পরিচিত বান্ধবীর সাথে দেখা হলে মন্ডপ হতে অদুরে দ্বাড়ীয়ে গল্প করতে থাকলে শিশুটি মূর্তি দেখতে মন্ডপের ভিতরে প্রবেশ করে। সেখানে মুর্তি র্নিমাতা মনিকার মালি মেয়েটিকে একা পেয়ে জোর পুর্বক ধর্ষনের চেস্টা করলে তার মা শিশুটির চিৎকার শুনে সেখানে গেলে মন্দির প্রাঙ্গনের সাথে নির্মান শ্রমিকদের বসবাসের ঘরে তারমেয়ের গুংগানো শব্দ পেয়ে বেড়ায় ফুটোদিয়ে উকি দিয়েদেখে তারমেয়েকেজোর করে মালি কাপর খুলেফেলেছে আর শিশুটি কাদছে তখন তার মা চিৎকার করলে সেমেয়েটিকে ছেড়ে দিয়ে বলে যে ভয় পাইছে। মেয়ের মা তখনি তার বাবা ইএসডিও'র গাড়ী চালক সুবল দাস কে ফোন করলে সে সাথে সাথে সেই এলাকায় বসবাসরত তার বন্ধুদের নিয়ে সেই নির্যাতন কারীর উপর চড়াও হয় এবং উত্তেজিত হয়ে সে এবং তার বন্ধুরা মনিকার মালিকে মারতে মারতে পা ভেঙ্গে ফেলে।এর পর এলাকার হিন্দু সমাজ ও যারা মুর্তি গড়ে তারা ঘটনা সত্য নয় বরং যরযন্ত্র বলে বিচার দাবি করে মুর্তি নির্মান বন্ধ ঘোষনা করে এবং ভিকটিম কে হাসপাতালে ভর্তি করিয়ে পৌর কাউন্সিলর , ও বাংলাদেশ পুজা উদযাপন পরিষদ, ঠাকুরগাঁও ও হিন্দু বৌদ্ধ খ্রীস্টান ঐক্য পরিষদ, ঠাকুরগাঁও এবিচার দাবি করে। ফলে বিষয়টি এমন দাড়ায় যে তাদের এই দাবি না মানলে ৮ টি মন্ডপে পুজা হবেনা।এই পর্যায়ে ড্রাইভার বাবু (শিশুটির পিতা ) আমাকে জানালে তথা ইএসডিও চাইল্ড প্রটেকশন সেল কে অবগত করলে বিষয়টি নিরসন ও আইনতগত ব্যবস্থা গ্রহনে উদ্দোগী হই। কিন্তু কাউন্সিলর , হিন্দুনেতা ও



Dr. Md. Shahid Uz Zaman
Executive Director
ESDO, Thakurgaon.

MD. SHAFIQUL ISLAM
Chairman
Executive Committee
ESDO

শিশুটির মা বাবা আইনের মাধ্যমে না যেয়ে স্থানীয় ভাবে সমাধানের অনুরোধ করে এবং যেহেতু শিশু টি চূড়ান্ত ধর্ষন হয়নি তাই অপরাধীকে শাস্তী দেবার কথা অঙ্গিকার করে। অবশেষে তার পর দিন ২৯ সেপ্টেম্বর ২০১৮ রাতে সকল নেতা , সহ বিচার করা হয় এবং সেই লোকটিকে আর কোন মন্ডপে বা ঠাকুরগাঁও এ কাজ করতে দেয়া হবে না বলে সিধান্ত গ্রহক করে। উল্লিখিত শিশুটিকে সাঁওতাল বস্তী পুজা মন্ডবে ধর্ষনের চেষ্টা করা হয়েছিলো।

ক) কখন ঃ ২৮ সেপ্টেম্বর ২০২৪ সকাল আনুমানিক ১১: ৩০ মিনিটে

খ) কোথায় ঃ মন্দিরপাড়া , সাঁওতাল বস্তী পুজা মন্ডব ৯ নং ওর্য়াড , ঠাকুরগাঁও পৌরসভা, ঠাকুরগাঁও।

গ ) কি ধরনের ঃ ধর্ষনের চেষ্টা তথা যৌন নির্যাতন

অভিযোগ কারীর নাম ঃ সুবল দাশ বাবু
ঠিকানা ঃ শান্তি নগর ঠাকুরগাঁও।
অভিযোগের তারিখ ঃ ২৮ সেপ্টেম্বর ২০২৪ বিকাল ৫:৪০ মিনিট

Dr. Md. Shahid Uz Zaman
Executive Director
ESDO, Thakurgaon.

MD. SHAFIQUL ISLAM
Chairman
Executive Committee
ESDO